



## সুপ্রিম কোর্ট সচিবালয় বিলুপ্তি নিয়ে ক্ষোভ জামায়াত আমিরের



জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, স্বাধীন বিচার বিভাগীয় সচিবালয়ের কার্যক্রম কার্যত বন্ধ করে দেওয়া হয়েছে। তার ভাষায়, এর মাধ্যমে বিচার বিভাগের স্বাধীনতার ওপর রাজনৈতিক প্রভাব আরও স্পষ্টভাবে প্রতিষ্ঠিত হলো।

বুধবার (২০ মে) নিজের ফেসবুক স্ট্যাটাসে তিনি এ মন্তব্য করেন। সেখানে তিনি দাবি করেন, সরকার একসময় বিচার বিভাগকে স্বাধীন ও শক্তিশালী করার প্রতিশ্রুতি দিলেও সাম্প্রতিক পদক্ষেপ সেই অবস্থানের সঙ্গে সাংঘর্ষিক।

জামায়াত আমির আরও বলেন, বিচার ব্যবস্থায় এমন রাজনৈতিক সংস্কৃতিকে তিনি ঘৃণা করেন এবং ভবিষ্যতে এ অবস্থার পরিবর্তন হবে বলেও আশা প্রকাশ করেন।

এর আগে ‘সুপ্রিম কোর্ট সচিবালয়’ বিলুপ্ত করে সংশ্লিষ্ট সচিবালয়ের সিনিয়র সচিবসহ ১৫ কর্মকর্তাকে আইন মন্ত্রণালয়ে পুনর্বহালের সিদ্ধান্ত নেওয়া হয়। এ বিষয়ে মঙ্গলবার (১৯ মে) রাষ্ট্রপতির আদেশক্রমে প্রজ্ঞাপন জারি করে আইন ও বিচার বিভাগ।